

সতর্কতামূলক বার্তা

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক প্রতারক সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের ছবি ও নাম ব্যবহার করে সাধারণ মানুষের কাছ থেকে অর্থ দাবি করার চেষ্টা করছে। অনেক ক্ষেত্রে ভুয়া মোবাইল নম্বর ব্যবহার করে ফোনকল, মেসেজ বা অনলাইন যোগাযোগের মাধ্যমে এই প্রতারণামূলক কার্যক্রম চালানো হচ্ছে।

এ ধরনের কার্যক্রম সম্পূর্ণ প্রতারণামূলক। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে এর কোনো ধরনের সম্পর্ক নেই। তাই সকলকে অনুরোধ করা যাচ্ছে যে, এ ধরনের ফোনকল, মেসেজ বা অনলাইন যোগাযোগে বিভ্রান্ত হবেন না এবং কোনো অবস্থাতেই অপরিচিত নম্বরে অর্থ বা ব্যক্তিগত তথ্য প্রদান করবেন না।

যদি এ ধরনের প্রতারণার চেষ্টা আপনার নজরে আসে, তাহলে নিকটস্থ থানা বা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুত অবহিত করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সকলকে সতর্ক ও সচেতন থাকার জন্য বিশেষভাবে আহ্বান জানানো হলো।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়